



## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ

২০ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৪ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২২৮

বিষয়: বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন বি. এস. এস. দাখিল মাদ্রাসার অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং-বামাশিবো/প্রশা/২২১২২১১৫১৪০১/৬৯৩১৬/নথি নং -১৫৫; তারিখ: ২৬.০৭.২০২২

(২) উপজেলা নির্বাহী অফিসার স্মারক নং-০৫.৪৪.০১৬০.০০০.১৬.০১১.২৩-১০২৪; তারিখ: ০৫.১১.২০২৩ (৩) মাদ্রাসা শিক্ষা বোর্ড স্মারক নং-  
৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২২৬; তারিখ: ১৯.১২.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন বি. এস. এস. দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদন দেয়া হয়। উক্ত ম্যানেজিং কমিটির ০৮ জন সদস্য স্বেচ্ছায় পদত্যাগ করেছেন মর্মে উপজেলা নির্বাহী অফিসার মোড়েলগঞ্জ, বাগেরহাট সূত্রোক্ত ০২ স্মারকে পদত্যাগের কপি সংযুক্ত করে একখানা প্রতিবেদন প্রেরণ করেছেন। উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট এর প্রেরিত প্রতিবেদন অনুযায়ী অনুমোদিত ম্যানেজিং কমিটির ১০ জন সদস্যের মধ্যে ০৮ জন সদস্য পদত্যাগ করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান অনুসারে উক্ত ম্যানেজিং কমিটির কার্যকারিতা নেই। ম্যানেজিং কমিটির অধিকাংশ সদস্য পদত্যাগ করায় এবং উক্ত কমিটির কার্যকারিতা না থাকায় সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙে দেয়া হবে না তাঁর জবাব ১০ দিনের মধ্যে বোর্ডে দাখিল করার জন্য সূত্রোক্ত ০৩ নং স্মারকে কারণ দর্শানো হয়। এরই প্রেক্ষিতে সুপার জবাব দাখিল করলেও সভাপতি জবাব দাখিল করেননি। সুপারের জবাব পর্যালোচনায় দেখা যায়, অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙে দিলে সুপারের কোন আপত্তি নেই মর্মে জবাবে উল্লেখ করেছেন।

এমতাবস্থায়, অনুমোদিত ম্যানেজিং কমিটির ১০ জন সদস্যের মধ্যে ০৮ জন সদস্য পদত্যাগ এর সত্যতা উপজেলা নির্বাহী অফিসারের তদন্তে প্রমাণিত হওয়ায় এবং কমিটির কার্যকারিতা না থাকায় সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙে দেয়া হলো। যা সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

০৪-০১-২০২৪

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান  
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার (02-  
58610216 )  
chairman@bmeb.gov.bd

সুপার, বি. এস. এস. দাখিল মাদ্রাসা, মোড়েলগঞ্জ, বাগেরহাট।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪২২৮/১(৭)

২০ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৪ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
- ৩। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
- ৫। ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, ..... শাখা, মোড়েলগঞ্জ, বাগেরহাট;
- ৬। পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৭। অফিস কপি।



৩০২

০৪-০১-২০২৪

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার